

বাংলাদেশ নির্বাচন কমিশন
অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার
বরিশাল অঞ্চল, বরিশাল

ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
(জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, বরগুনা)
উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
www.ecs.gov.bd

নং-১৭.০৬.০০০০.০০০.৪০.০০৩.২৪-২২৮

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১
১৮ এপ্রিল ২০২৪

“গণ-বিজ্ঞপ্তি”

যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী বরগুনা জেলাধীন পাথরঘাটা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে ০৫ বৈশাখ ১৪৩১/ ১৮ এপ্রিল ২০২৪ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৬.২৪-১৯০ নং প্রজ্ঞাপন জারি করেছেন:

রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০২ মে ২০২৪ ১৯ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৫ মে ২০২৪ ২২ বৈশাখ ১৪৩১	রবিবার
মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	০৬-০৮ মে ২০২৪ ২৩-২৫ বৈশাখ ১৪৩১	সোমবার-বুধবার
আপিল নিষ্পত্তি	:	০৯-১১ মে ২০২৪ ২৬-২৮ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার- শনিবার
প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১২ মে ২০২৪ ২৯ বৈশাখ ১৪৩১	রবিবার
প্রতীক বরাদ্দ	:	১৩ মে ২০২৪ ৩০ বৈশাখ ১৪৩১	সোমবার
ভোটগ্রহণের তারিখ	:	২৯ মে ২০২৪ ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১	বুধবার
ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।			

২। এক্ষণে, সেহেতু, আমি দিলীপ কুমার হাওলাদার, অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার, বরিশাল অঞ্চল, বরিশাল ও রিটার্নিং অফিসার, পাথরঘাটা উপজেলা পরিষদ উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ০২ মে ২০২৪/১৯ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে (www.ecs.gov.bd) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে ‘অনলাইনে মনোনয়নপত্র দাখিল’ লিংকে (<https://onss.ecs.gov.bd>) প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

তারিখ : ১ ৮ দিন ০ ৪ মাস ২ ০ ২ ৪ বৎসর

(দিলীপ কুমার হাওলাদার)
অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার
বরিশাল অঞ্চল, বরিশাল ও
রিটার্নিং অফিসার
পাথরঘাটা উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
মোবাইল: ০১৭১২-৬৯৮৩৩০
ই-মেইল: dilip.ueo@gmail.com

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, বরিশাল
- ০৪। মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ০৫। জেলা প্রশাসক, বরগুনা ও আপিল কর্তৃপক্ষ
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০৭। পুলিশ সুপার, বরগুনা
- ০৮। জেলা নির্বাচন অফিসার, বরগুনা
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, পাথরঘাটা, বরগুনা
- ১০। জেলা কমন্ডেন্ট, আনসার ও ভিডিপি, বরগুনা
- ১১। জেলা তথ্য অফিসার, বরগুনা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
- ১২। মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
- ১৩। মাননীয় নির্বাচন কমিশনার জনাব..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
- ১৪। উপজেলা নির্বাচন অফিসার, পাথরঘাটা ও সহকারী রিটার্নিং অফিসার (বিজ্ঞপ্তিটি নিজ কার্যালয় ও উপজেলা পরিষদ কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং উপজেলার গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে টাঙ্কিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হলো)
- ১৫। অফিসার-ইন-চার্জ, পাথরঘাটা, বরগুনা
- ১৬। অফিস কপি



(দিলীপ কুমার হাওলাদার)
অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন অফিসার
বরিশাল অঞ্চল, বরিশাল ও
রিটার্নিং অফিসার
পাথরঘাটা উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪
মোবাইল: ০১৭১২-৬৯৮৩৩০
ই-মেইল: dilip.ueo@gmail.com